



# যায়যায়দিন

যায়যায়দিন, ০৪-১২-২০২৪, পৃষ্ঠা-০৫



## ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটিতে 'ফার্মা কার্নিভাল'

ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটির ফার্মেসি বিভাগের উদ্যোগে দুই দিনব্যাপী (৩-৪ ডিসেম্বর) বর্ণাঢ্য 'ফার্মা কার্নিভাল-২০২৪'-এর আয়োজন করেছে। ফার্মাসিউটিক্যাল সেক্টরের পেশাজীবী, গবেষক, শিক্ষক এবং শিক্ষার্থীদের জন্য মর্যাদাপূর্ণ এই অনুষ্ঠানের নতুন প্রযুক্তির উদ্ভাবন, জ্ঞান বিতরণ এবং কমিউনিটির মিলনমেলা হিসেবে আয়োজিত হচ্ছে। মঙ্গলবার সকালে ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটি ক্যাম্পাস আফতাবনগরে দুই দিনব্যাপী এই অনুষ্ঠানের উদ্বোধন করেন অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টার রোহিঙ্গা বিষয়ক উচ্চ প্রতিনিধি ড. খলিলুর রহমান।

ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটির প্রধান উপদেষ্টা এবং বাংলাদেশ ব্যাংকের সাবেক গভর্নর অধ্যাপক ড. মোহাম্মদ ফরাসউদ্দিনের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের স্বাস্থ্য সেবা বিভাগের সচিব মো. সাইদুর

রহমান। এছাড়াও অনুষ্ঠানে বক্তব্য রাখেন ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটির উপাচার্য অধ্যাপক ড. শামস রহমান, উপ-উপাচার্য অধ্যাপক ড. আশিক মোসাদ্দিক এবং ফার্মেসি বিভাগের চেয়ারপার্সন অধ্যাপক ড. আমিরুল ইসলাম।

অনুষ্ঠানে ড. খলিলুর রহমান জাতীয় ঔষধনীতিতে যেন জনস্বার্থ রক্ষা হয় সে বিষয়ে সবাইকে আওয়াজ তুলতে আহ্বান জানান। একইসঙ্গে এন্টিবায়োটিকের অপব্যবহার রোধে ফার্মাসিস্টদের জোরদার ভূমিকা প্রত্যাশা করেন।

কার্নিভালে সেমিনার, দক্ষতা উন্নয়ন কর্মশালা এবং ১১ জন প্রখ্যাত ফার্মাসিস্টের অংশগ্রহণে প্যানেল আলোচনায় ফার্মেসি শিল্পের চ্যালেঞ্জ এবং এর সমাধান নিয়ে আলোচনা করা হয়। এছাড়া কার্নিভালে শিক্ষার্থীরা পোস্টার প্রদর্শনী, ফার্মা অলিম্পিয়াড, ৩ মিনিটের থিসিস প্রতিযোগিতা এবং তাৎক্ষণিক বক্তৃতাসহ বিভিন্ন প্রতিযোগিতায় অংশ নেন। সংবাদ বিজ্ঞপ্তি